## আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**28 JANUARY 2025** **7:45—7:55 PM IST**

==========================================================

(১) রাজ্যসরকার চলতি বছরে পুনরায় ৪০ থেকে ৫০ হাজার নিযুক্তি প্রদান করবে বলে মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার মন্তব্য ।

(২) বিশ্ববিদ্যালয়সমূহকে কেবল ডিগ্রী প্রদানের প্রতিষ্ঠানে সীমিত না রেখে বৃত্তিমূখী শিক্ষার কেন্দ্র হিসেবে গড়ে তোলার ওপর রাজ্যপাল লক্ষণ প্রসাদ আচার্যের গুরুত্ব আরোপ ।

(৩) রাজ্যসরকারের আদালতে দোষী সাব্যস্ত হওয়া এবং কারাদন্ডে দন্ডিত বেশকয়েকজন বিশেষ শ্রেণীর কয়েদীর শাস্তি রেহাইয়ের ঘোষণা ।

এবং

(৪) ডিমা হাসাও জেলার উমরাংশুর কয়লা খনিতে বেশ কয়েকজন শ্রমিকের মৃত্যুর ঘটনাকে নিয়ে গৌহাটী হাইকোর্টের একটি জনস্বার্থজড়িত মামলা রুজু ।

-----------------------------------------------------------------------------------

রাজ্য সরকার চলিত বছরে পুনরায় ৪০ থেকে ৫০ হাজার নিযুক্তি প্রদান করবে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা জানান । মুখ্যমন্ত্রী আজ কোকরাঝার থেকে গুয়াহাটী

আসার পথে হাউলীর রাস মন্দির পরিদর্শন করে একথা জানান ।তিনি বলেন যে পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত করার জন্য সরকার প্রস্তুত এবং উচ্চতর মাধ্যমিক চূড়ান্ত পরীক্ষা শেষ হওয়ার সঙ্গে সঙ্গে এই নির্বাচনের দিন ঘোষণা করা হবে ।মুখ্যমন্ত্রী ডঃ শর্মা আজ বড়ো শান্তিচুক্তির পঞ্চম বার্ষিকী উপলক্ষে বিশ্ববিদ্যালয়ে উন্নীত হওয়া কোকরাঝার কলেজের নতুন প্রশাসনিক বিভাগের ভিত্তিপ্রস্থর স্থাপন করেন ।কোকরাঝার কলেজকে বিশ্ববদ্যালয়ে উন্নীত করে সব পরিকাঠামো পরিপূর্ণ করে তুলতে রাজ্য সরকার ৫০ কোটি টাকা সাহায্য ঘোষণা করেছে ।এই নতুন বিশ্ববিদ্যালয়টিতে কৃত্রিম বুদ্ধিমত্তা , রবোটিক্স ইত্যাদি অত্যাধুনিক পাঠ্যক্রম অন্তর্ভুক্ত করা হবে ।

-----------------------------------------------------------------------------------------

হোজাইর রবীন্দ্রনাথ ঠাকুর বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় দীক্ষান্ত সমারোহ আজ মহাপুরুষ শ্রীমন্ত শঙ্করদেব প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়েছে । বিশ্ববিদ্যালয়ের আচার্য রাজ্যপাল লক্ষন প্রসাদ আচার্য এবং গৌহাটী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড.ননী গোপাল মহন্ত বিশ্ববিদ্যালয় থেকে কলা ,বিজ্ঞান ও বানিজ্য বিভাগে উত্তীর্ণ মোট ২৩১ জন শিক্ষার্থীকে ডিগ্রীর প্রমাণপত্র প্রদান করেন । অনুষ্ঠানে ভাষণ প্রসঙ্গে রাজ্যপাল আচার্য বিশ্ববিদ্যালয়সমূহকে কেবল ডিগ্রী প্রদানের প্রতিষ্ঠানে সীমিত না রেখে বৃত্তিমূখী শিক্ষার কেন্দ্র হিসেবে গড়ে তোলার ওপর গুরুত্ব আরোপ করেন । অনুষ্ঠানে গৌহাটী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড.ননীগোপাল মহন্ত রাজ্যের শিক্ষা ক্ষেত্রে নিজের স্বতন্ত্র পরিচয় তুলে ধরতে রবীন্দ্রনাথ ঠাকুর বিশ্ববিদ্যালয় সক্ষম হয়েছে বলে মন্তব্য করেন । অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড.মানবেন্দ্র দত্ত চৌধুরী সহ বেশ কয়েকজন বিশিষ্ট ব্যাক্তি উপস্থিত ছিলেন ।

-----------------------------------------------------------------------------------------

আগামী ২৫ এবং ২৬ শে ফেব্রুয়ারী অনুষ্ঠেয় এডভান্টেজ আসামের দ্বিতীয় সংস্করণের জন্য আজ ভূমি পূজো অনুষ্ঠিত হয়েছে ।গুয়াহাটীর খানাপারার আসাম পশু চিকিৎসা মহাবিদ্যালয়ের খেলার মাঠে অনুষ্ঠিত এই কার্যসূচীতে মুখ্য সচিব ডঃ রবি কোটা , আসাম ঔদ্যগিক উন্নয়ন নিগমের পরিচালন সঞ্চালক মানবেন্দ্র প্রতাপ সিং সহ বেশ কয়েকজন উচ্চপদস্থ আধিকারীক উপস্থিত ছিলেন ।এই শীর্ষ সম্মেলনের মাধ্যমে রাজ্যের সামগ্রিক উন্নয়ন এবং আন্তর্জাতিক বিনিয়োগের ক্ষেত্রে নতুন অধ্যায়ের সূচনা হওয়া সহ অর্থনৈতিক সম্ভাবনা বৃদ্ধি করে উদ্যমী যুব সমাজের জন্য নতুন পথ প্রশস্ত হবে বলে আশা করা হচ্ছে ।

-----------------------------------------------------------------------------------------

রাজ্যসরকার আদালতে দোষী সাব্যস্ত হওয়া এবং কারাদন্ডে দন্ডিত বেশকয়েকজন বিশেষ শ্রেনীর কয়েদীর শাস্তি রেহাইয়ের ঘোষণা করেছে । সাধারণতন্ত্র দিবস উপলক্ষ্যে

সরকার এই সিদ্ধান্তের কথা ঘোষণা করেছে । রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য এক নির্দেশে একথা জানিয়েছেন । সে অনুসারে সামরিক আদালত ছাড়াও অন্য আদালতে দোষী সাব্যস্ত হওয়া কারাবন্দীর ক্ষেত্রেই এই রেহাই প্রযোজ্য হবে । একবছরেরও অধিক কারাবাসের শাস্তি লাভ করা বন্দীদের মেয়াদ ৩০ দিন ,ছয়মাস থেকে একবছর কারাদন্ডে দন্ডিতদের ১৫ দিন , তিন থেকে ছয়মাস পর্যন্ত শাস্তি লাভ করা বন্দীদের ক্ষেত্রে ১০ দিন এবং এক থেকে তিনমাস পর্যন্ত শাস্তি লাভ করা বন্দীদের ক্ষেত্রে শাস্তির মেয়াদ ৫ দিন হ্রাস করা হয়েছে । শাস্তির মেয়াদ রেহাইয়ের এই নির্দেশ ২৬ জানুয়ারী থেকে কার্যকর হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

উত্তরাখন্ডের দেরাদুনের মহারাণা প্রতাপ ষ্টেডিয়ামে আজ ৩৮ তম জাতীয় ক্রীড়ার উদ্বোধনী আনুষ্ঠান শুরু হয়েছে ।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী অল্প কিছুক্ষণের মধ্যে এই জাতীয় ক্রীড়ার আনুষ্ঠানিক উদ্বোধন করবেন ।আজকের উদ্বোধনী অনুষ্ঠানে আসামের দুজন আন্তর্জাতিক ক্রীড়াবিদ শ্যাটলার অস্মিতা চালিহা এবং উশু খেলোয়াড় সানমা ব্রহ্ম আসাম দলের পতাকা বহন করছেন ।আসাম অলিম্পিক সংস্থার পক্ষ থেকে সম্পাদক লক্ষ্য কোঁয়র অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি হিসেবে অংশগ্রহণ করেছেন ।এছাড়া অনুষ্ঠানে বেশ কয়েকজন কেন্দ্রীয় মন্ত্রী , ভারতীয় অলিম্পিক সংস্থার আধিকারীকরা উপস্থি রয়েছেন ।উত্তরাখন্ডের ৮ টি জেলার ১১ টি স্থানে আগামী ১৪ ই ফেব্রুয়ারী পর্যন্ত জাতীয় ক্রীড়া বিভিন্ন খেলার আয়োজন করা হচ্ছে ।প্রতিযোগিতায় ৩৫ টি খেলার মোট ৪৭ টি ইভেন্ট থাকবে ।

-----------------------------------------------------------------------------------------

ডিমা হাসাও জেলার উমরাংশুর কয়লা খনিতে বেশ কয়েকজন শ্রমিকের মৃত্যুর ঘটনাকে নিয়ে গৌহাটী হাইকোর্ট একটি জনস্বার্থজড়িত মামলা রুজু করেছে । এই মামলার ভিত্তিতে আজ শুনানী গ্রহণ করে হাইকোর্টের মূখ্য বিচারপতি বিজয় বিষ্ণই ও বিচারপতি কৌশিক গোস্বামীর খন্ড বিচারপীঠ রাজ্যে র‍্যাট হোল খনন বন্ধ করার জন্য কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে সে সম্পর্কে রাজ্যসরকারকে প্রতিবেদন দাখিল করার নির্দেশ দেন । শুনানীর সময়ে মহাঅধিবক্তা দেবজিৎ শইকিয়া উমরাংশুর কয়লাখনিতে সংঘটিত ঘটনার তদন্তের জন্য অবসরপ্রাপ্ত বিচারপতি অনিমা হাজারিকার নেতৃত্বে একজনের আয়োগ গঠন সহ সরকার গৃহীত অন্যান্য পদক্ষেপগুলি সম্পর্কে আদালতকে অবগত করান । এরপর আদালত আগামী ৭ ফেব্রুয়ারী মামলার পরবর্তী শুনানীর দিন ধার্য করে । ওইদিন এধরণের খনন বন্ধ করার জন্য সরকারের গ্রহণ করা ব্যাবস্থাসমূহ সম্পর্কে আদালতে প্রতিবেদন দাখিল করতে হবে ।

---

খেল মহারনের দ্বিতীয় পর্বের কাছাড় জেলার প্রস্তুতি পর্ব নিয়ে আজ জেলা আয়ুক্তের সম্মেলন কক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়েছে । জেলা ক্রীড়া ও সংস্কৃতি বিভাগের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত আয়ুক্ত যুবরাজ বড়ঠাকুরের পৌরহিত্যে আয়োজিত সভায় খেল মহারনের দ্বিতীয় পর্বের জেলা স্তরের প্রতিযোগীতা আগামী পয়লা ফেব্রুয়ারী থেকে ১০ই ফেব্রুয়ারী পর্য্যন্ত অনুষ্ঠিত করার সিদ্ধান্ত হয়েছে । খেল মহারনের জেলা স্তরের ফুটবল , কাবাডি , ভলিবল সাইক্লিং ও এথেলেটিকসের খেলাগুলি লক্ষীপুর বিধানসভা কেন্দ্রের লাবক চা বাগানের খেলার মাঠে এবং উধারবন্দ বিধানসভা কেন্দ্রের ডি এন উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে, দাবা প্রতিযোগীতা শিলচর পৌরসভা কার্য্যলয়ে এবং সাতার প্রতিযোগীতা জেলা ক্রীড়া সংস্থার সুইমিং পুলে অনুষ্ঠিত হবে ।

এছাড়াও আজকের সভায় অতিরিক্ত আয়ুক্ত শ্রীবড়ঠাকুর জানান যে কাছাড়, শ্রীভূমি , হাইলাকান্দি এবং ডিমা হাসাও জেলার ঝুমুর নৃত্য শিল্পীদের জোনাল পর্য্যায়ের বিশেষ কর্মশালা আগামী ১১ই ফেব্রুয়ারী শিলচর টাউন ক্লাব মাঠে অনুষ্ঠিত হবে । উল্লেখ্য কাছাড় জেলার সাতটি বিধানসভা কেন্দ্র থেকে ১৬০ জন প্রতিনিধি অংশগ্রহন করবেন এবং জেলার ১৩ জন প্রশিক্ষক এই নৃত্য শিল্পীদের প্রশিক্ষন প্রদান করে আসছেন । আজকের সভায় জেলা পরিষদের মূখ্য কার্য্যবাহী আধিকারীক প্রণব কুমার বরা , সহকারী আয়ুক্ত দীপা দাস প্রমূখ উপস্থিত ছিলেন ।

---

আসাম সরকারের সাংস্কৃতিক পরিক্রমা বিভাগের উদ্যোগে আজ থেকে হাইলাকান্দি এস এস কলেজের খেলার মাঠে ‘ ঝুমুর বিনন্দিনী ২০২৫ ’ শে অংশগ্রহণের জন্য ঝুমুর নৃত্য প্রশিক্ষণ কার্যসূচী শুরু হয়েছে ।জেলার দুটি বিধানসভা এলাকার ১৮ টি চাবাগানের ২০০ জন শিল্পী এই প্রশিক্ষণ কার্যসূচীতে অংশগ্রহণ করেছে । ১৭ জন মাষ্টার ট্রেনার ঝুমুর নৃত্যের প্রশিক্ষণ প্রদান করছেন ।এই বিষয়ে ঝুমুর বিনোন্দিনীর সমন্বয়ক চৌধুরী চরণ গৌড় বলেন যে.....

বাইট...

অন্যদিকে এই বিষয়ে মুখ্যমন্ত্রীর প্রশংসা করে বিজেপি নেত্রী মুন স্বর্ণকার বলেন......

বাইট.....

---------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকারের প্রধানমন্ত্রী জন বিকাশ কার্য্যসূচী প্রকল্পের অগ্রগতি নিয়ে একটি পর্য্যালোচনা সভা আজ শিলচরে জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়েছে । রাজ্যের সংখ্যালঘু উন্নয়ন বিভাগের সচিব আদিল খানের পৌরহিত্যে আয়োজিত সভায় প্রধানমন্ত্রী জন বিকাশ কার্য্যক্রম প্রকল্পের অধীনে বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প নির্ধারিত সময়ে শেষ করার বিষয় নিয়ে আলোচনা করা হয়েছে । আজকের পর্য্যালোচনা সভায় কাছাড়ের জেলা আয়ুক্ত মৃদুল যাদব , শ্রীভূমির জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী , হাইলাকান্দির জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতম সহ তিন জেলার জেলা উন্নয়ন আয়ুক্তরাও উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------